

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
বন অধিশাখা-২

তারিখ : ০৬ এপ্রিল ২০১০

সং পদম/বন শা-২/০২/বন্যপ্রাণী অভয়ারণ্য/১১/২০১০/২১১


প্রজ্ঞাপন

বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আইন ১৯৭৪ এর ধারা ২৩(৩) এর প্রদত্ত ক্ষমতাবলে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার নিম্ন তফশীলে বর্ণিত ২৯০৮.৫০ একর সংরক্ষিত বনভূমির উদ্ভিদ, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ এবং পর্যটন সুবিধাদি উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে "হাজারীখিল বন্যপ্রাণী অভয়ারণ্য" হিসাবে ঘোষণা করা হলোঃ

জেলা	উপজেলা	মৌজা ও জে.এল.নং	রেঞ্জ	বিট	ব্লক	বনভূমির পরিমাণ(একর)	বনের শ্রেণী
চট্টগ্রাম	ফটিকছড়ি	রামগড়-সীতাকুন্ড রিজার্ভ ফরেস্ট-২	হাজারী খিল	হাজারী খিল	হাজারীখিল	৯৫০.২০	সংরক্ষিত
				ফটিকছড়ি	রাংগাপানি	৬২১.০৫	বন
					হারুয়ালছড়ি	১৩৩৭.২৫	সংরক্ষিত
					মোট	২৯০৮.৫০	বন

টোহদী

- উত্তর : নারায়নহাট রেঞ্জের বালুখালি বিটের ইদিলপুর বদুরখীল ব্লক।  
দক্ষিণ : হাজারীখিল রেঞ্জের বারমাসিয়া ব্লক।  
পূর্ব : নারায়নহাট রেঞ্জের বালুখালি বিটের বদুরখিল, হাজারীখিল রেঞ্জের ফটিকছড়ি বিটের ফটিকছড়ি ব্লক, হারুয়ালছড়ি খাল, ফটিকছড়ি উপজেলার জঙ্গল হামিদছড়ি মৌজা, জে.এল.নং-৩৫।  
পশ্চিম : মৌরসরাই উপজেলার রামগড়-সীতাকুন্ড রিজার্ভ ফরেস্ট মৌজার রিজ বা চূড়া, জে.এল.নং-৯৫, বাইয়োচালা রেঞ্জের বড়তাকিয়া বিটের কুন্ডেরহাট ব্লক, বাইয়োচালা বিটের ওয়াহেদপুর ব্লক ও বাইয়োচালা ব্লক।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
(ড. মাহির কান্তি মজুমদার)  
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ করতঃ পঞ্চাশ কর্প এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।

তারিখ : ০৬ এপ্রিল ২০১০

সং পদম/বন শা-২/০২/বন্যপ্রাণী অভয়ারণ্য/১১/২০১০/২১১(৯)

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৪. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫. বন সংরক্ষক, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম/বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, আগারগাঁও, ঢাকা।
৬. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
৭. বিভাগীয় বন কর্মকর্তা, চট্টগ্রাম উত্তর বন বিভাগ, চট্টগ্রাম।

  
(জাহান আরা বেগম)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৬১১৮৩